



# সমবর্তন

৩১-০৭-২০২৩, অনলাইন

অসমকোত প্রকাশের মুহূর্ত সাহস্র

## ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'ইংলিশ লিটারেচর' বিষয়ে দুই- দিন ব্যাপী আন্তর্জাতিক সম্মেলন



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ এবং অ্যাসোসিয়েশন অফ চিচার্স অফ লিটারেচার্স ইন ইংলিশ, বাংলাদেশ (ATLEB) যৌথভাবে "চিচিং ইংলিশ লিটারেচার এন্ড ইলারিয়াপ্লিনারিটি" শীর্ষক (২৮-২৯ জুলাই ২০২৩) দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগর, ঢাকায় অনুষ্ঠিত এ সম্মেলনে ইংল্যান্ড, সিঙ্গাপুর, ভারত এবং বাংলাদেশের ১৭০ জনের বেশি গবেষক অংশ নেন।

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী। অধ্যাপক চৌধুরী তাঁর বক্তব্যে সাহিত্যকে দ্রুত ছড়িয়ে দিতে ভাল অনুবাদের ওপর গুরুত্বদেন। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের উদাহরণ টেনে বলেন, গীতাঞ্জলীর অনুবাদের কারনেই কবিগুরু এশিয়ার প্রথম নোবেল বিজয়ী হতে পেরেছিলেন। পাশাপাশি ড. চৌধুরী প্রযুক্তির উৎকর্ষতায় মানুষের পড়ার অভ্যাস করে যাওয়াতে উদ্দেগ প্রকাশ করেন। নতুন প্রজন্মকে পড়াতে ফিরিয়ে আনার ব্যাপারে তিনি সবার মনোযোগ আকর্ষণ করেন।

অধিবেশনে সভাপতিত্ব করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন সৈয়দ মঞ্জুর এলাহী। এছাড়াও এই আন্তর্জাতিক সম্মেলনের আহ্বায়ক, অধ্যাপক তাহমিনা আহমেদ, ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. ফারজানা আকতার এবং সম্মেলনের সহ-আহ্বায়ক এবং ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ড. আবু শহীদ আবদুল্লাহ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

এবারের সম্মেলনে ২১টি আলাদা সেশনে প্রায় ২০০টির বেশি গবেষণা প্রবন্ধ ও পোস্টার উপস্থাপন এবং এগুলো নিয়ে আলোচনা করা হয়।